

উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি	: জনাব মালিনা রানী রায়। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
সভার স্থান	: উপজেলা সমাজসেবা অফিস কক্ষ, আগৈলঝাড়া, বরিশাল।
তারিখ	: ২৭/১০/২০১৯ খ্রি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি বা কোন প্রকার সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর, সভায় উপস্থিত বিভিন্ন সদস্য উপজেলার সমাজকল্যাণ বিষয়ক সার্বিক কল্যাণের বিষয়ে মূল্যবান বক্তব্য রাখেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

নং	আলোচনা	প্রস্তাব	বাস্তবায়নে
১.	উপজেলা শিল্পকলা একডেমী বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা শিল্পকলা একডেমীতে যাতে ২০ এর অধিক প্রশিক্ষণার্থীকে মনোনয়ন দেয়া যায় সে বিষয়ক প্রস্তাব উপজেলা শিল্পকলা একডেমী সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।	সদস্য-সচিব।
২.	প্রতিবন্ধীতা ব্যক্তিদের সাংস্কৃতিক কার্যক্রমে অধিক হারে অংশ গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলার যে সব প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী রয়েছে প্রতি স্কুলে স্কুলে যাতে তাদের মনো সাংস্কৃতিক বিকাশ ঘটানোর জন্য বিভিন্ন ব্যতিক্রমী সাংস্কৃতিক প্রতিযোগিতা বা অনুষ্ঠানের আয়োজন করে তারজন্য উপজেলা শিক্ষ কমিটির সভাপতি বরাবরে প্রস্তাব পাঠানোর জন্য অনুরোধ করা হয়।	সমাজসেবা অফিস এবং সংশ্লিষ্ট কতৃপক্ষ।
৩.	শিল্পানুরাগী ব্যক্তিদের তালিকা করণ বিষয়ে সভায় আলোচনা হয়।	উপজেলা শিল্পকলা একাডেমীর মাধ্যমে হতে অত্র উপজেলার শিল্পানুরাগী ব্যক্তিদের একটি তালিকা উপজেলা নির্বাহী অফিসারের অফিসে সংরক্ষণ করার জন্য সংগ্রহ প্রস্তাব করা হয়।	সংশ্লিষ্ট কমিটি ও
৪.	বিবিধ আলোচনা।	বিবিধ আলোচনায় সদস্য-সচিব জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতাধীন গণমিলনায়তন কেন্দ্র ভবনগুলোর অবস্থা ভাল নয়, একটু বৃষ্টি হলেই ছাউনির ভাংগা টিন ভেদ করে পানি মেঝেতে চলে আসে এবং অফিস ব্যবহারের অযোগ্য হয়ে পরে। অতি শীঘ্র সংস্কার করানো না গেলে ভবনটি পরিত্যাগ ঘোষণা করা জরুরী	সদস্য-সচিব উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করবেন।

	হয়ে পরবে। এমতাবস্থায় উপজেলা পরিষদের কোন তহবিল থেকে কিছু বরাদ্দ প্রদান করে জরুরী ভিত্তিতে ভবনগুলোর কিছু অংশ সংস্কারের ব্যবস্থা করা প্রয়োজন।	
--	---	--

উপজেলা সমাজসেবা অফিসের সমাজকল্যাণ সম্পর্কিত কার্যক্রম সম্ভোষজনক। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৭/১০/২০

(মলিনা রানী রায়)

সভাপতি ও

ভাইস চেয়ারম্যান(মহিলা),

উপজেলা পরিষদ,


আগৈলঝাড়া, বরিশাল।

স্মারক নং- ৪১,০২.০৬০২,০০২.২৬.২৬৭

তারিখ : ২৭/১০/২০২০ খ্রি.

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৫। অফিস কপি।

  
২৭/১০/২০

(সুশান্ত বাল্য)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

আগৈলঝাড়া, বরিশাল।

মোবাইলনং-০১৭১১১৯০০৩৭